তারিখ 25 NOV 1995
পৃষ্ঠা ২ কলাম ৮

আজকের কাগজ

০৭

# চট্টগ্রাম মেডিক্যাল কলেজে আবারো উত্তেজনা

**চট্টগ্রাম অফিস ঃ** চট্টগ্রাম মেডিক্যাল কলেজ আবারো উত্তপ্ত হয়ে উঠেছে। যে কোনো সময় ছাত্রদের মধ্যে সশস্ত্র সংঘর্ষের আশংকা করছে সাধারণ ছাত্র/ছাত্রিরা। মেডিক্যাল একাডেমিক কাউন্সিলের সিদ্ধান্ত মোতাবেক নির্বাচন কমিশন আগামী ১২ ডিসেম্বর কলেজ ছাত্র সংসদের দিন ধার্য করেছেন। উল্লেখ্য, ২ বছর আগে ছাত্রদের এক সংঘর্ষের কারণে ডাঃ মিজানসহ ২ জন নিহত হলে একাডেমির কাউন্সিল-অনির্দিষ্ট কালের জন্যে মেডিক্যাল কলেজের ছাত্র রাজনীতি নিষিদ্ধ ঘোষণা করেছিলেন। সেই সংঘর্ষের পর থেকে ছাত্রলীগ মেডিকেল কলেজে প্রকাশ্যে ঢুকতে পারেনি। গত ৫ নভেম্বর নির্বাচনের তফসিল ঘোষণা করলে জাতীয়তাবাদী ছাত্রদল ও শিবির প্রচার প্রচারণা চালাতে থাকে। তফসিল ঘোষণার পরও ছাত্রলীগকে ক্যাম্পাসে ঢুকতে দেয়া হচ্ছে না। ছাত্রলীগ চট্টগ্রাম মহানগর ও জাতীয় পরিষদের সদস্যরা এক বিবৃতিতে দাবি করেছেন যে, ছাত্রলীগকে বাইরে রেখে চট্টগ্রাম মেডিক্যাল ছাত্র সংসদ নির্বাচনের প্রচেষ্টা প্রতিহত করা হবে। তারা আরো বলেন যে, কলেজ ক্যাম্পাসকে কুখ্যাত দাগী আসামিদের চারণ ভূমিতে পরিণত করে যে অস্থিতিশীল পরিস্থিতির সৃষ্টি করা হয়েছে সে পরিস্থিতি কোনক্রমেই নির্বাচনের অনুকূল নয়। এদিকে মেডিক্যাল কলেজে পড়ুয়া ৪০৯ জন ছাত্র/ছাত্রী এক যুক্ত বিবৃতিতে ক্যাম্পাসে ছাত্র রাজনীতি আবারো নিষিদ্ধ করার দাবি জানিয়েছেন।